১) বিকল্পগুলি থেকে ঠিক উত্তরটি নির্বাচন করে লেখাে : ১x3 =৩

১.১) বায়ুমণ্ডলের যে স্তরে প্রতিনিয়ত পরিবর্তনশীল আবহাওয়া লক্ষ করা যায় সেটি হলাে –

(ক) আয়নাে স্ফিয়ার

(খ) স্ট্রাটোস্ফিয়ার

(গ) এক্সোস্ফিয়ার

(ঘ) ট্রপাে স্ফিয়ার

উত্তর : বায়ুমণ্ডলের যে স্তরে প্রতিনিয়ত পরিবর্তনশীল আবহাওয়া লক্ষ করা যায় সেটি হলাে – (ঘ) ট্রপাে স্ফিয়ার।

১.২) যে বায়ুকে তুষার ভক্ষক বলা হয় তা হলাে –

(ক) লু

(খ) আঁধি

(গ) চিনুক

(ঘ) খামসিন

উত্তর : যে বায়ুকে তুষার ভক্ষক বলা হয় তা হলাে – (গ) চিনুক।

১.৩) উপক্রান্তীয় উচ্চচাপ বলয় অবস্থান করে –

(ক) ৬০° – ৭০° উত্তর ও দক্ষিণ অক্ষরেখার মধ্যে

(খ) ২৫° – ৩৫° উত্তর ও দক্ষিণ অক্ষরেখার মধ্যে

(গ) ১০° – ২০° উত্তর ও দক্ষিণ অক্ষরেখার মধ্যে

(ঘ) ৭০° – ৮০° উত্তর ও দক্ষিণ অক্ষরেখার মধ্যে

উত্তর : উপক্রান্তীয় উচ্চচাপ বলয় অবস্থান করে – (খ) ২৫° – ৩৫° উত্তর ও দক্ষিণ অক্ষরেখার মধ্যে।

২.১) বাক্যটি সত্য হলে 'ঠিক' এবং অসত্য হলে 'ভুল' লেখাে: ১x৩=৩

২.১.১) কোনাে নির্দিষ্ট আয়তনের বায়ুতে যে পরিমাণ জলীয় বাষ্প থাকে তাকে ঐ বায়ুর আপেক্ষিক আদ্রর্তা বলে।

উত্তর : ভুল।

২.১.২) দক্ষিণ গাে লার্ধে স্থলভাগের বিস্তার বেশি হওয়ার কারণে পশ্চিমা বায়ু অপ্রতিহত গতিতে প্রবাহিত হয়।

উত্তর : ভুল।

২.১.৩) সমুদ্রবায়ু দিনের বেলায় প্রবাহিত হয়।

উত্তর : ঠিক।

২.২) একটি বা দুটি শব্দে উত্তর দাও : ১x২=২

২.২.১) একই উষ্ণতাযুক্ত স্থানগুলিকে মানচিত্রে যে রেখা দ্বারা যুক্ত করা হয় তাকে কী বলে?

উত্তর: একই উষ্ণতাযুক্ত স্থানগুলিকে মানচিত্রে যে রেখা দ্বারা যুক্ত করা হয় তাকে বলা হয় – সমোষ্ণ রেখা।

২.২.২) কোন যন্ত্রের সাহায্যে বায়ুর চাপ পরিমাপ করা হয়?

উত্তর : ব্যারোমিটারের সাহায্যে বায়ুর চাপ পরিমাপ করা হয়।

বাকি প্রশ্নের উত্তরের জন্য ছাত্র ছাত্রীরা পুরো পাঠবই টাকে ভালোমতো পড়ে নিজে করার চেষ্টা করো